

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার ১। পাশাপুর সপ্রাভি, ২। কোঁয়ার সপ্রাভি, ৩। বড়বাম সপ্রাভি, ৪। কৈত্রা সপ্রাভি পরিত্যক্ত অব্যবহৃত ভবন ও পাশাপুর সপ্রাভি এর নতুন ভবন নির্মাণের স্থলে ১৮টি গাছ আগামী ২২ নভেম্বর, ২০২৩ খ্রি: রোজ-বুধবার সকাল ১০:০০ ঘটিকায় উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষে প্রকাশ্য নিলাম ডাকে বিক্রি করা হবে। নিলাম ডাকে অংশ গ্রহনকারী ইচ্ছুক ব্যক্তি বর্ণকে প্রকল্পস্থল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা এর কার্যালয়ে নিলাম ডাকে অংশ গ্রহন করার জন্য অনুরোধ করা হল। নিলাম ডাকের পূর্বদিন পর্যন্ত নিলাম সম্পর্কিত যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জানা যাবে।

নিলাম ডাকের শর্তাবলী-

১. নিলাম ডাকে অংশ গ্রহনকারীকে জামানত হিসাবে ১০০০/- (এক হাজার) টাকা নগদ জমা করে নিলাম ডাকে অংশ গ্রহন করতে হবে। সর্বোচ্চ ডাককারীর জামানতের ১০০০/- টাকা অফেরত যোগ্য।
২. উপযুক্ত ডাকে সর্বোচ্চ ডাককারীর নামে ডাক বরাদ্দ হবে, ডাকের সমুদয় টাকা তাৎক্ষণিক ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।
৩. সর্বোচ্চ ডাক কারীর নামে নিলাম ডাক বন্ধ হওয়ার পর অপরাপর সকল ডাক কারীর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে।
৪. কর্তৃপক্ষ কর্তৃক নিলাম ডাক অনুমোদনের পর সর্বোচ্চ নিলাম ডাককারী নিজ খরচে পুরাতন ভবন/গাছ কেটে/ভেঙ্গে মালামাল সরিয়ে নিতে হবে।
৫. উপযুক্ত ডাকের অর্থ না হইলে সর্বোচ্চ ডাক কারীর ডাক গ্রহনে কর্তৃপক্ষ বাধ্য নহে।
৬. কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পুরাতন ভবন/গাছ কেটে/ভেঙ্গে নিজ খরচে মালামাল সরিয়ে নিতে হবে। অন্যথায় জামানতসহ কাজ বাতিল বলিয়া গণ্য হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



আব্দুল্লাহ আল মামুন
উপজেলা শিক্ষা অফিসার
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং-৩৮.০১.১৯৭২.০০০.০৬.০০৪.২০২৩-৪০৫(১৬)

তারিখ: ১৪ নভেম্বর, ২০২৩ খ্রি:

সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো-

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
০৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
০৪. ভাইসচেয়ারম্যান, পুরুষ/মহিলা উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৫. উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা।
০৬. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭. সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৮. প্রধান শিক্ষক.....সপ্রাভি, লাকসাম, কুমিল্লা।
০৯. অফিস কপি।



উপজেলা শিক্ষা অফিসার
লাকসাম, কুমিল্লা